

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ ভদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২৮ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ২৬৯-আইন/২০১৭।—Intermediate and Secondary Education Ordinance, 1961 (E.P. Ord. No. XXXIII of 1961) section 3A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর ও জামালপুর জেলাসমূহে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার সংগঠন, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং উন্নয়নের উদ্দেশ্যে “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ” নামে একটি শিক্ষা বোর্ড ময়মনসিংহ শহরে স্থাপন করিল।

২। “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ” স্থাপিত হইবার সংগে সংগে উক্ত Ordinance এর section 3A এর sub-section (3) এর বিধান অনুসারে উক্ত জেলাসমূহের সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপর হইতে “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা” এর একত্বিয়ার রহিত হইবে এবং উক্ত এলাকাসমূহের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও উন্নয়নের ক্ষমতা নবগঠিত বোর্ডের উপর ন্যস্ত হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সোহরাব হোসাইন
সচিব।

মোঃ আবদুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৯৭১)

মূল্য : টাকা ৪.০০